

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَابُ مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ أَبَانَ حَدَّتَنَا مَسْعُودٌ عَنْ يُونُسَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي فَرْوَةَ عَنْ شُرَحْبِيلَ أَبِي سَعْدِ قَالَ دَعَا الْحَسَنُ بَنِيهِ وَبَنِي أَخِيهِ فَقَالَ يَا بَنِيَّ وَبَنِي أَخِي إِنَّكُمْ صِغَارُ قَوْمٍ يُوشِكُ أَنْ تَكُونُوا كِبَارَ آخَرِينَ فَتَعَلَّمُوا الْعِلْمَ فَمَنْ لَمْ يَسْتَطِعْ مِنْكُمْ أَنْ يَرْوِيَهُ أَقْ قَالَ يَحْفَظَهُ فَلْيَكْتُبْهُ وَلْيَضَعْهُ فِي بَيْتِهِ

إسناده ضعيف لضعف شرحبيل بن سعد

বাংলা

৫২৮. সুরাহবীল ইবনু সা'দ[1] বলেন: হাসান রাদ্বিয়াল্লাহু আনহু তার ছেলেকে এবং তার ভাতিজাকে ডেকে বললেন: হে প্রিয় ছেলে এবং হে আমার ভাতিজা! তোমাদের এখন গোত্রের মধ্যে ছোট, অচিরেই তোমরা অন্যদের মধ্যে বড় হয়ে যাবে। সুতরাং তোমরা ইলম শিক্ষা কর। তবে যদি তোমাদের কেউ তা বর্ণনা করতে সক্ষম না হয় কিংবা- বর্ণনাকারী বলেন: মুখস্ত করতে সক্ষম না হয়, তবে সে যেনো সেটি লিখে রাখে এবং তা তার নিজ বাড়িতে রেখে দেয়।[2]

ফুটনোট

- [1] এখানে রয়েছে সাঈদ (যেটি বিকৃতি)।
- [2] তাহক্লীক: এর সন্দ যয়ীফ, কেন্না, শারাহ্বীল যয়ীফ রাবী।

তাখরীজ:: খতীব, তাক্য়ীদুল ইলম পৃ: ৯১; আরও দেখুন, ইবনু আব্দুল বারর, জামি' বায়ানুল ইলম নং ৪৪৮।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুরাহবীল ইবনু সা'দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন